

পঞ্চগড়

হিজাব পরা নিয়ে অসদাচরণ, শিক্ষক সাসপেন্ড

পঞ্চগড় প্রতিনিধি

১৬ আগস্ট ২০২২ ১২:০০ এএম | আপডেট: ১৬ আগস্ট ২০২২
১২:৫৩ এএম

1
Shares

বঙ্গবন্ধু মুক্তিমূলক
আমাদের মুক্তি

advertisement

পঞ্চগড়ের বোদা উপজেলায় হিজাব পরার কারণে তিন ছাত্রীর সঙ্গে অসৌজন্যমূলক আচরণের অভিযোগে এক শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গত রবিবার সাকোয়া উচ্চ বিদ্যালয়ের গভর্নিংবড়ির সভাপতি ও সাকোয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান হাফিজুর রহমান এ বরখাস্তের নোটিশ করেন। তবে গতকাল সোমবার বিষয়টি প্রকাশ পায়।

advertisement

অভিযোগে জানা যায়, গত ২৮ জুলাই বিদ্যালয়ের তিন শিক্ষার্থী প্রধান শিক্ষক সায়েদ মনজুরুল হাসান সুজাকে লিখিত অভিযোগ করে। অভিযোগে তারা উল্লেখ করে,

‘ওই বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আশরাফুল আলম হিজাব পরার কারণে তাদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। ক্লাসের বিষয় বাদ দিয়ে ব্যক্তিগত ও দলীয় আলোচনা করেন।’ অভিযোগের পরিপ্রেক্ষিতে সহকারী প্রধান শিক্ষক আশরাফুল আলমের কাছে গত ৭ আগস্ট লিখিত জবাব চায় স্কুল কর্তৃপক্ষ। রবিবার বেলা ১১টায় লিখিত জবাব দেন তিনি।

এদিকে শিক্ষক আশরাফুল আলম বলেন, আমার বিরুদ্ধে আনা অভিযোগের জবাব দিয়েছি। কিন্তু জবাব দেওয়ার সাত মিনিটের মধ্যে আমার কাছে সাময়িক বহিষ্কারের চিঠি আসে। এটা কীভাবে সন্তুষ্ট? সঠিক তদন্ত না করেই বহিষ্কার করা হয়েছে। আমি বিষয়টি উর্ধ্বতন কর্মকর্তাদের জানিয়েছি।

সাকোয়া উচ্চ বিদ্যালয়ের গভর্নিং বডির সভাপতি হাফিজুর রহমান জানান, অভিযুক্ত শিক্ষকের জবাব সন্তোষজনক না হওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

1
Shares